

## সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৮৫৯

২২/ চিকিৎসা (کتاب الطب)

পরিচ্ছেদঃ ১৯. ঝাড়-ফুকের দু'আ সম্পর্কে।

# باب كَيْفَ الرُّقَى

#### আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، حَدَّثَنَا أَبُو عَوَانَةَ، عَنْ أَبِي بِشْرٍ، عَنْ أَبِي الْمُتَوَكِّلِ، عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ، أَنَّ رَهْطًا، مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم انْطَلَقُوا فِي سَفْرَةٍ سَافَرُوهَا فَنَزَلُوا بِحَيِّ مِنْ أَحْيَاءِ الْعَرَبِ فَقَالَ بَعْضَهُمْ إِنَّ سَيِّدَنَا لُدغَ فَهَلْ عِنْدَ أَحَد مِنْكُمْ شَيْءٌ يَنْفَعُ صَاحِبَنَا فَقَالَ رَجُلٌ مِنَ الْقَوْمِ نَعَمْ وَاللَّهِ إِنِّي لأَرْقِي وَلَكِنِ اسْتَضَفْنَاكُمْ فَأَبَيْتُمْ أَنْ صَاحِبَنَا فَقَالَ رَجُلُ مِنَ الْقَوْمِ نَعَمْ وَاللَّهِ إِنِّي لأَرْقِي وَلَكِنِ اسْتَضَفْنَاكُمْ فَأَبَيْتُمْ أَنْ تُضَيِّفُونَا مَا أَنَا بِرَاقٍ حَتَّى تَجْعَلُوا لِي جُعْلاً . فَجَعَلُوا لَهُ قَطِيعًا مِنَ الشَّاءِ فَأَتَاهُ فَقَرَأً عَلَيْهِ تُصَلَيّفُونَا مَا أَنَا بِرَاقٍ حَتَّى بَرَأً كَأَنَّمَا أُنْشِطَ مِنْ عِقَالٍ . قَالَ فَأَوْفَاهُمْ جُعْلَهُمُ الَّذِي صَالَحُوهُمْ أُمَّ الْكِتَابِ وَيَتْفُلُ حَتَّى بَرَأً كَأَنَّمَا أُنْشِطَ مِنْ عِقَالٍ . قَالَ فَأَوْفَاهُمْ جُعْلَهُمُ الَّذِي صَالَحُوهُمْ عَلَيْهِ فَقَالُوا اقْتَسِمُوا . فَقَالَ الَّذِي رَقَى لاَ تَفْعَلُوا حَتَّى نَاتِّتِي رَسُولَ الله عليه وسلم فَنَسْتَأُمْرَهُ . فَعَدَوْا عَلَى رَسُولِ اللهِ صلى الله عليه وسلم فَذَكَرُوا لَهُ فَقَالَ رَسُولُ اللهِ عليه وسلم فَنَسْتَأُمْرَهُ . فَغَدَوْا عَلَى رَسُولِ اللهِ عليه وسلم فَذَكَرُوا لَهُ فَقَالَ رَسُولُ اللهِ عليه وسلم مَعَكُمْ بِسَهُمٍ " .

#### বাংলা

৩৮৫৯. মুসাদ্দাদ (রহঃ) .... আবূ সাইদ খুদরী (রাঃ) থেকে বর্ণিত যে, একবার নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর একদল সাহাবী সফরে গমনকালে আরবের এক সম্প্রদায়ের নিকট অবস্থান করেন। তখন সে সম্প্রদায়ের এক ব্যক্তি বলেঃ আমাদের নেতাকে একটি বিষাক্ত জন্তুতে দংশন করেছে, তোমাদের মধ্যে কারো কাছে এমন কিছু আছে কি? যা আমাদের নেতার উপকারে আসে। তখন সাহাবীগণের মধ্য থেকে এক ব্যক্তি বলেনঃ হ্যাঁ আল্লাহর শপথ! আমি ঝাঁড়-ফুক করে থাকি। কিন্তু ব্যাপার হলো, আমরা তোমাদের মেহমান হতে চেয়েছিলাম, কিন্তু তোমরা তাতে রায়ী হওনি। কাজেই, আমি ততক্ষণ ঝাঁড়-ফুক করবো না, যতক্ষণ না তোমরা আমার এ কাজের জন্য পারিশ্রমিক নির্ধারণ করবে। তখন তারা তাঁকে একপাল বকরী প্রদানের অঙ্গীকার করে।

তখন তিনি সে ব্যক্তির কাছে উপস্থিত হয়ে সূরা ফাতিহা পাঠ করেন এবং দংশিত স্থানে থুথু দেন। ফলে, সে ব্যক্তি



এমনই সুস্থ হয়ে উঠে, যেন সে বন্ধন মুক্ত হয়ে যায়। রাবী বলেনঃ তখন তারা যে বিনিময় নির্ধারণ করেছিল, তা আদায় করে দেয়। এ সময় সাহাবীগণ পরস্পর বলেনঃ এগুলো ভাগ-বন্টন করে নিন। তখন ঝাঁড়-ফুককারী সাহাবী বলেনঃ এখন বন্টন করবেন না, যতক্ষণ না আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট উপস্থিত হয়ে সে সম্পর্কে জিজ্ঞাসা করি। তার নিকট জিজ্ঞাসা করা হলে তিনি বলেনঃ তোমরা ঐ সূরা দিয়ে ঝাঁড়-ফুক করার উপকারিতা কিরূপ জানলে? তোমরা খুবই ভাল কাজ করেছ। তোমরা বন্টন নেও এবং তোমাদের সাথে আমার জন্যও এক ভাগ রেখে দাও।

### **English**

#### Abu Sa'd al-KHudri said:

Some of the Companions of the Prophet (ﷺ) went on a journey. They alighted with a certain clan of the Arabs. Someone of them said: Our chief has been stung by a scorpion or bitten by a snake. Has any of you something which gives relief to our chief? A man of the people said: Yes, I swear by Allah. I shall apply charm; but we asked you for hospitality and you denied it to us. I shall not apply charm until you give me some payment. So they promised to give some sheep to him. He came to him and recited Surat al-Fatihah over him and spat till he was cured, and ha seemed as if he were set free from a bond. So they gave him the payment that was agreed between them. They said: Apportion them. The man who applied charm said: Do not do it until we approach the Apostle of allah (ﷺ) said: From where did you learn that it was a charm? you have done right. Apportion them, and give me a share along with you.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবু সা'ঈদ খুদরী (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন